



মাইলস্টোন স্কুলে যুদ্ধবিমান দুর্ঘটনা: তদন্ত কমিটির মেয়াদ বাড়ল ১৬ অক্টোবর পর্যন্ত



সংগৃহীত ছবি

উত্তরার দিয়াবাড়িতে মাইলস্টোন স্কুল অ্যাড কলেজে যুদ্ধবিমান বিধ্বস্তের ঘটনার তদন্তে গঠিত কমিশনের মেয়াদ আবারও বাড়াল সরকার। নতুন সিদ্ধান্ত অনুযায়ী কমিশনকে আগামী ১৬ অক্টোবর পর্যন্ত প্রতিবেদন দাখিলের সময় দেওয়া হয়েছে।

রাজধানীর উত্তরা দিয়াবাড়িতে মাইলস্টোন স্কুল অ্যাড কলেজের হায়দার আলী ভবনে গত ২১ জুলাই বাংলাদেশ বিমানবাহিনীর একটি যুদ্ধবিমান বিধ্বস্ত হয়। ভয়াবহ এই দুর্ঘটনায় পাইলট ফ্লাইট লেফটেন্যান্ট মো. তৌকির ইসলামসহ অন্তত ৩৪ জন নিহত হন, যাদের মধ্যে ২৭ জন ছিলেন প্রতিষ্ঠানের শিক্ষার্থী। এছাড়া অনেকেই গুরুতর আহত হন।

দুর্ঘটনার কারণ, দায়দায়িত্ব ও ক্ষয়ক্ষতি নিরূপণে নয় সদস্যের একটি তদন্ত কমিশন গঠন করা হয়। এ কমিশনের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন সাবেক সচিব এ কে এম জাফর উল্লাহ খান। প্রথমে কমিশনকে চার সপ্তাহের মধ্যে প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশনা দেওয়া হয়েছিল। পরে সময় এক মাস বাড়ানো হয়।

মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর) রাতে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জারি করা প্রজ্ঞাপনে কমিশনের মেয়াদ আরও ২৩ দিন বাড়ানো হয়েছে। ফলে নতুন সময়সীমা হিসেবে আগামী ১৬ অক্টোবর পর্যন্ত তদন্ত প্রতিবেদন জমা দেওয়ার সুযোগ থাকবে কমিশনের হাতে।